দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 18 MAY 2013
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... 2 ...

# বেসরকারি উদ্যোগে ৭৫টি শিশু শিক্ষা কেন্দ্র স্থাপন

সম্প্রতি এক সংবাদ সম্মেলনের মাধ্যমে ম্যারিকো বাংলাদেশ লিমিটেড, বেসরকারি উন্নয়ন সংস্থা ঢাকা আহছানিয়া মিশনের সহযোগিতায় সারাদেশে বিদ্যালয় বহির্ভূত ও স্কুল থেকে ঝরে পড়া শিশুর জন্য ৭৫টি শিশু শিক্ষা কেন্দ্র স্থাপন করেছে। জামালপুর জেলার মেলান্দহ উপজেলায় প্রায় ৩০০০ শিশুর জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে ৭৫টি শিশু শিক্ষা কেন্দ্র স্থাপন করা হয়েছে। ম্যারিকো বাংলাদেশ অপারেশনস-এর ম্যানেজিং ডাইরেক্টর ও কান্ট্রি হেড আদিত্য সোম এবং ঢাকা আহছানিয়া মিশনের নির্বাহী পরিচালক ড. এম. এহসানুর রহমান ও প্রেসিডেন্ট কাজী রফিকুল আলম সংবাদ সম্মেলনে এই মহৎ উদ্যোগের বিস্তারিত তুলে ধরেন। —প্রেস বিজ্ঞপ্তি